গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
(নেজারত শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৭.৭৩০০.০০০.০০৯.৪০.০০০১.২৬-৯৪৮

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

**সরবরাহকারী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি**

২০২৬-২০২৭ অর্থবছরে নীলফামারী জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের গোপনীয় শাখা (আবাসিক কার্যালয়) এবং সার্কিট হাউজে মালামাল/সামগ্রী সরবরাহ/মেরামত করার নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে পাবলিক প্রকিউরমেন্ট আইন (PPA-২০০৬) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (PPR-২০২৫) অনুসারে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলগালাযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | বিবরণ | বিস্তারিত বিবরণ |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ২. | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী |
| ৩. | দরপত্র আহবানকারী | জেলা প্রশাসক, নীলফামারী |
| ৪. | ক্রয়কারী কর্তৃপক্ষের জেলা | নীলফামারী |
| ৫. | কাজের ধরণ | ২০২৬-২০২৭ অর্থবছরে নীলফামারী জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের গোপনীয় শাখা (আবাসিক কার্যালয়) এবং সার্কিট হাউজের জন্য অন্যান্য মনিহারী (৩২৫৫১০৫), কম্পিউটার সামগ্রী (৩২৫৫১০১), ব্যবহার্য সামগ্রী (৩২৫৬১০৩), অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত (৩২৫৮১০৫), কম্পিউটার ও আনুষঙ্গিক (৪১১২২০২), বৈদ্যুতিক সরঞ্জামাদি (৪১১২৩০৩) সরবরাহ, কম্পিউটার মেরামত (৩২৫৮১০৩), অফিস সরঞ্জামাদি (৪১১২৩১০) সরবরাহ/মেরামত। |
| ৬. | বরাদ্দের উৎস | GOB |
| ৭. | সংগ্রহ/ক্রয় পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ৮. | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ০৬ সেপ্টেম্বর ২০২৬ (সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন) |
| ৯. | দরপত্র বিক্রয়ের স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী; নেজারত শাখা, কক্ষ নং-২১১ |
| ১০. | দরপত্র দাখিলের তারিখ | ০৭ সেপ্টেম্বর ২০২৬ দুপুর ১.০০টা পর্যন্ত |
| ১১. | দরপত্র দাখিলের স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী-এ স্থাপিত দরপত্র বাক্স |
| ১২. | দরপত্র উন্মুক্তকরণের তারিখ, সময় ও স্থান | ০৭ সেপ্টেম্বর ২০২৬ বিকাল ৩.০০ ঘটিকা<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারী-এর অফিস কক্ষ |
| ১৩. | দরপত্র সিডিউলের মূল্য | প্রতিটি সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) প্রদান করতে হবে। দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করে দাখিল করতে হবে। |
| ১৪. | দরপত্র জামানত | জেলা প্রশাসক, নীলফামারী-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে উদ্ধৃত দরের ৩% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) |
| ১৫. | সরবরাহকারীর মেয়াদকাল | ৩০ জুন ২০২৭ পর্যন্ত |
| ১৬. | দরপত্র আহবানকারী কর্মকর্তার সাথে যোগাযোগের ঠিকানা | নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।<br>ফোন/মোবাইল: ০১৭৫৯-৭৩০৬৭৯ |

**শর্তাবলী**

১। দরপত্রে স্পষ্টাক্ষরে উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি ঘষামাজা করা যাবে না। দরপত্র অবশ্যই সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে।

দরপত্র সিডিউলের বিবরণ

| সিডিউল নম্বর | সিডিউলের বিষয় |
|---|---|
| সিডিউল-১ | অন্যান্য মনিহারি ও ব্যবহার্য সামগ্রী সরবরাহ |
| সিডিউল-২ | কম্পিউটার ও আনুষঙ্গিক সামগ্রী সরবরাহ/ মেরামত |
| সিডিউল-৩ | অফিস সরঞ্জাম ও বৈদ্যুতিক সরঞ্জাম সরবরাহ/ মেরামত |

২। দরপত্রের সাথে হাল সময়ের আয়কর সনদ, ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন, দরদাতার জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি, নাগরিক সনদ এবং সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

৩। কাগজপত্র যাচাইকালে কাগজপত্রের সত্যতা পাওয়া না গেলে বা একজনের সার্টিফিকেট অন্যজন কর্তৃক ব্যবহার করা হলে বা একজনের নামে অন্যজনের জামানতের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট দাখিল করা হলে জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। নির্বাচিত সরবরাহকারীকে তালিকাভুক্তির নিমিত্ত পিপিআর ২০২৫ এর বিধান মোতাবেক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা তালিকাভুক্তকরণ ফি হিসেবে (অফেরতযোগ্য) জমা প্রদান করতে হবে।

৬। আগামী ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত ফ্রেমওয়ার্ক চুক্তির মাধ্যমে ঠিকাদার নিয়োগ করা হবে। উক্ত সময়ের মধ্যে অফিসের চাহিদা মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে এবং সরবরাহকৃত মালামালের বিল প্রদান করা হবে।

৭। উল্লিখিত সময়ের মধ্যে বাজার দর কম/বেশি হলে বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে দরপত্রে উল্লিখিত দর কম/বেশি হবে। তবে দাম বৃদ্ধির ক্ষেত্রে তা কোনভাবেই ৫% এর বেশি হবে না।

৮। নীলফামারী কালেক্টরেট ভবনের ০৩ (তিন) কিলোমিটারের মধ্যে দরপত্র দাখিলদাতার মালামাল সরবরাহের দোকান থাকতে হবে এবং দোকানে দরপত্রে বর্ণিত মালামাল পর্যাপ্ত পরিমানে মজুদ থাকতে হবে।

৯। দরপত্রে ভ্যাট, আয়করসহ দর উল্লেখ করতে হবে।

১০। সরবরাহকারীর বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করে বিল পরিশোধ করা হবে।

১১। সিডিউলের বাইরে কোন মালামাল ক্রয়ের প্রয়োজন দেখা দিলে তা বাজার দর অনুযায়ী সরবরাহ করতে হবে। সরবরাহকৃত পণ্যের মান সঠিক না থাকলে সরবরাহকারীর কার্যাদেশ বাতিল পূর্বক জামানত বাজেয়াপ্ত করা হবে।

১২। কেবল দেশি দরদাতা প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া, CPTU (Central Procurement Technical Unit) বা যে কোন সরকারি প্রতিষ্ঠান/ দপ্তর কর্তৃক কালো তালিকাভুক্ত প্রতিষ্ঠান দরপত্র দাখিলের জন্য বিবেচিত হবে না।

১৩। বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ সর্বনিম্ন দরদাতাকে মালামাল সরবরাহের জন্য নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হবে। নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড এর শর্তসাপেক্ষে দাখিলকৃত দরের ১০% অর্থ কার্যসম্পাদন জামানত প্রদান করা হলে গৃহীত দরদাতার সাথে চুক্তিদলিল স্বাক্ষর করা হবে।

১৪। নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড এর শর্তানুযায়ী মালামাল সরবরাহে সম্মতি না হলে এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যসম্পাদন জামানত দাখিল না করা হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং ২য় সর্বনিম্ন দরাদাতাকে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হবে।

১৫। কার্যাদেশপ্রাপ্ত দরদাতাকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১৬। অফিস কর্তৃপক্ষে কর্তৃক চাহিত মালামাল সরবরাহকারী কর্তৃক ০১ (এক) কার্যদিবসের মধ্যে সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামাল গুনগত মানের না হলে কিংবা অফিস কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী না হলে তা তাৎক্ষণিক পরিবর্তন করে দিতে হবে অন্যথায় চুক্তি দলিল বাতিল পূর্বক কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্ত করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও কালো তালিকাভুক্ত করা হবে।

১৭। সর্বনিম্ন দরদাতাই গৃহীত দরদাতা হিসেবে বিবেচিত নাও হতে পারে। কর্তৃপক্ষ সরকারি স্বার্থে দরপত্রের যে কোন শর্তাবলি সংশোধন/ পরিবর্তনের প্রস্তাব করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল এবং সরবরাহতব্য পণ্যের পরিমাণ হ্রাস-বৃদ্ধি করে কার্যাদেশ প্রদান ও সরকারি স্বার্থে যে কোন শর্ত আরোপ করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৮। ক্রয় প্রক্রিয়ার সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (সর্বশেষ সংশোধনকৃত) মোতাবেক পরিচালিত হবে।


মোহাম্মদ নায়িরুজ্জামান
জেলা প্রশাসক
নীলফামারী
ফোন: ০২৫৮-৯৯৫৫৩০০ (অফিস)
e-mail: dcnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
(নেজারত শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৭.৭৩০০.০০০.০০৯.৪০.০০০১.২৬-৯৪৮(১০) তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. যুগ্মসচিব, বাজেট ও পরীবিক্ষণ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. পুলিশ সুপার, নীলফামারী।
০৫. সিভিল সার্জন, নীলফামারী।
০৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি, নীলফামারী।
০৭. উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ ডিমলা/ জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর।
০৮. সহকারী কমিশনার (ভূমি), নীলফামারী সদর/ডোমার/ ডিমলা/ জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর।
০৯. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, নীলফামারী।
১০. সম্পাদক, দৈনিক.............................................। (তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় পরবর্তী সংখ্যায় ভিতরের পাতায় ০৯"×০৩" কলামে ০১ দিনের জন্য প্রকাশ করে প্রকাশের দিনই পত্রিকার কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। )
১১. ....................................................................................................................।

মোহাম্মদ নায়িরুজ্জামান
জেলা প্রশাসক
নীলফামারী
ফোন: ০২৫৮-৯৯৫৫৩০০ (অফিস)
e-mail: dcnilphamari@mopa.gov.bd